

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

ডঃ মহঃ

২২/৮/১৭

তারিখঃ ১৪/০৮/২০১৬।

নং - ৪৬.৪২.০০০০.০০০.২০.০০৩.১৫.১০৪২

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব বাজেট অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ফেনী জেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বছরের ৪৬,৫৬,৪৯,৮০৪.০০ (ছিচল্লিশ কোটি ছাপান্ন লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত চার) টাকার সংশোধিত রাজস্ব বাজেট এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ৫০,৪৬,৯৩,১৫৭.০০ (পঞ্চাশ কোটি ছিচল্লিশ লক্ষ তিরানব্বই হাজার একশত সাতান্ন) টাকার প্রস্তাবিত রাজস্ব বাজেট নির্দেশক্রমে অনুমোদন করা হলো।
অনুমোদিত বাজেট ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :

- ১) অনুমোদিত বাজেটের উন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থ প্রথমেই জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নায়ী চলমান প্রকল্পে বরাদ্দ করতে হবে। দ্বিতীয় পর্যায়ে পূর্বে নির্মিত রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, ডাকবাংলো, অডিটরিয়াম, যাত্রী ছাউনী, পাঠাগার ইত্যাদি প্রকল্প যে স্থলো মেরামতের প্রয়োজন আছে, এমন প্রকল্পগুলোকে প্রাধান্য দিতে হবে। অবশিষ্ট অর্থে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।
- ২) বাজেটের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নীতিমালা/বিধি-বিধান/পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৩) উন্নয়নমূলক কার্যক্রমের জন্য পিপিআর, ২০০৮ এবং স্থানীয় সরকার (উন্নয়ন) আইন, ১৯৯৯ এর বিধান অনুযায়ী অনুসরণ করতে হবে।
- ৪) বাজেটের খাতওয়ারী বরাদ্দের মধ্যে ব্যয় সীমিত রাখতে হবে। এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না। তবে প্রয়োজনে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদনক্রমে এক খাতের অর্থ অন্য খাতে সমন্বয় করা যাবে।
- ৫) বিশেষ কোন কারণে বাজেটে উল্লিখিত খাত/উপ-খাতে অতিরিক্ত কোন ব্যয়ের প্রয়োজন হলে, অতিরিক্ত ব্যয়ের যৌক্তিকতাসহ সংশ্লিষ্ট জেলা পরিষদ উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় সিদ্ধান্ত নিয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমতিক্রমে ব্যয় করা যাবে।
- ৬) যানবাহনের জ্বালানী ব্যবহারে কৃচ্ছ সাধন করতে হবে। ব্যক্তিগত কাজে/প্রয়োজনে পরিষদের যানবাহন ব্যবহার পরিহার/নিরুৎসাহিত করতে হবে।
- ৭) অনুদান খাতের অর্থ জনসংখ্যা, আয়তন বিবেচনায় উপজেলা ওয়ারী প্রদান করতে হবে।
- ৮) জেলা পরিষদের বিভিন্ন মোকদ্দমা ফি প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রার সংরক্ষণসহ বিস্তারিত হিসাব রাখতে হবে।
- ৯) সরকারি টেলিফোন নির্দেশিকা/নীতিমালা অনুযায়ী শুধুমাত্র প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ টেলিফোন সুবিধা পাবেন। টেলিফোন ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ শুধুমাত্র প্রাধিকারভুক্ত কর্মকর্তার টেলিফোন ব্যয়ের ক্ষেত্রে ব্যবহৃত হবে এবং কোনভাবেই সরকারি টেলিফোন নির্দেশিকায় বর্ণিত বায়সীমা অতিক্রম করা যাবে না।
- ১০) ভূমি উন্নয়ন কর, বিদ্যুৎ বিলসহ অন্যান্য ইউটিলিটি বিল/কর যথাসময়ে পরিশোধ করে এ বিভাগকে অবহিত করতে হবে।
- ১১) সম্ভাব্য ক্ষেত্রে আরো মিতব্যয়ী এবং ক্ষেত্রমতে কৃচ্ছ সাধনে সচেষ্ট হতে হবে।

১৪/৮/১৬

(জুবাইদা নসরীন)

উপ সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী।

অনুলিপি :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, ফেনী।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।